# উপজেলা পরিষদ

সুনামগঞ্জ সদর সুনামগঞ্জ।
ওয়েব : sadar.sunamganj.gov.bd

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

## উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভার তারিখ : ১৫ ডিসেম্বর ২০২১ খ্রি.।
সময় : দুপুর ০২:০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
সভাপতি : জনাব মোঃ খায়রুল হুদা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীর ৬নং অনুচ্ছেদ সংশোধনী থাকায় বর্ণিত "তিনি আরও জানান কিছু কমিউনিটি ক্লিনিকে গর্ভবতী মহিলাদের ডেলিভারী করানো হচ্ছে কিন্তু তারা ৩ মাসের প্রশিক্ষণ প্রাপ্ত। ডেলিভারী করাতে গেলে ৬ মাসের প্রশিক্ষণ প্রয়োজন হয়।" অংশটি কার্যবিবরণী হতে বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। আর কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর, সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী(ADP) এর টেন্ডারের সকল প্রক্রিয়া সম্পন্ন হয়েছে দ্রুত কাজ বাস্তবায়ন করা হবে। তিনি আরও জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর আওতায় প্রকল্প বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। | আলোচনান্তে ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এর টেন্ডার এর কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর। |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ সদর হাসপাতালে প্রতিদিন করোনার টিকা প্রদান করা হচ্ছে। এখনও যারা টিকা গ্রহণ করেননি তাদেরকে দ্রুত নিবন্ধন সম্পন্ন করে টিকা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া সকলকে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ জানান। | আলোচনান্তে করোনার টিকা গ্রহণে সকলকে উৎসাহিত করা এবং সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ৩. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর সভায় জানান যে, সুনামগঞ্জ সদর উপজেলায় গভীর নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের গভীর নলকূপ স্থাপনের দরপত্র আহবান করা হয়েছে এবং দ্রুত ঠিকাদার নির্বাচন করে কাজ শুরু করা হবে। | আলোচনান্তে দ্রুত ঠিকাদার নির্বাচন করে কাজ শুরু করার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর। |
| ৪. | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান | আলোচনান্তে গুদাম ঘরটি | উপজেলা প্রকৌশলী, |

| | | | |
|---|---|---|---|
| | ২৭০০ জন কৃষকের মধ্যে ৮৮, ৮৯ ও ৯২ জাতের ধানের বীজ বিতরন করা হয়েছে। সারের ও পর্যাপ্ত মজুদ রয়েছে এবং মাঠ কর্মীরা এগুলো সার্বক্ষণিক তদারকি করছেন। এ পর্যন্ত ০৮(আট)টি হারভেস্টার মেশিন বিতরণ করা হয়েছে। তিনি আরও জানান উপজেলা গুদাম ঘরটি অনেক পুরাতন হওয়ায় গুদাম ঘরটির ছাদ দিয়ে ভেতরে পানি পড়ে। তিনি জানান উক্ত গুদামে অনেক কৃষি যন্ত্রপাতি ও বিভিন্ন ধরনের বীজ রয়েছে।<br>উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় উক্ত গুদাম ঘরটি সরেজমিন পরীক্ষা করে প্রতিবেদন দেয়ার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান। | সরেজমিন পরীক্ষা করে প্রতিবেদন দেয়ার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | এলজিইডি, সুনামগঞ্জ সদর। |
| ৫. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সভায় জানান তাদের অস্থায়ী কার্যালয়ে বৃষ্টি হলেই অফিস কক্ষের ভেতর পানি পড়ে বিভিন্ন জরুরী নথিপত্র নষ্ট হওয়ার সম্ভাবনা রয়েছে।<br>উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর জানান আগামী দুই থেকে তিন সপ্তাহের মধ্যে আসনার সেড নির্মাণ সম্পন্ন হলে তাদেরকে তাদের নির্ধারিত স্থানে স্থানান্তর করা হবে। ফলে উপজেলা শিল্পকলা একাডেমীতে অর্থাৎ যে কক্ষটি আনসার সদস্যরা ব্যবহার করতেন উক্ত কক্ষটিতে উপজেলা যুব উন্নয়ন অফিস স্থানান্তর করা হবে। | আলোচনান্তে উপজেলা শিল্পকলা একাডেমী অর্থাৎ যে কক্ষটি আনসার সদস্যরা ব্যবহার করতেন উক্ত কক্ষটিতে উপজেলা যুব উন্নয়ন অফিস স্থানান্তর করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান আগামী ১৮-২৩ ডিসেম্বর ২০২১ পর্যন্ত পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ চলবে। উক্ত সপ্তাহ সফল করার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া অনান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ সফলভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা প্রদানের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ৭. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান, রাজস্ব পর্যায়ে ২০X৩=৬০ জন মৎস্য চাষীকে মৎস্য চাষের প্রশিক্ষণ দেয়া হবে। তিনি আরও জানান ০৩টি প্রদর্শনী খামার এর ব্যবস্থা করা হবে। মাছ বাজারজাতকরণে ২০ জন আরতদারকে প্রশিক্ষণ এবং বাজারজাত সহজীকরনের জন্য সময়োপযোগী ও উন্নতমানের উপকরণ বিতরন করা হবে। প্রকৃত মৎস্য ব্যবসায়ীদের নিয়ে উক্ত প্রশিক্ষণ আয়োজন করা হবে।<br>চেয়ারম্যান লক্ষণশ্রী ইউ/পি সভায় জানান, পাংগাস মাছ ময়মনসিংহ থেকে আনায় আমাদের এলাকায় পাংগাস মাছের দাম বেশি পড়ছে। তিনি আমাদের এলাকায় বেশি করে পাংগাস মাছ চাষের পরিমাণ বৃদ্ধির জন্য মৎস্য খামারীদের উৎসাহী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে প্রশিক্ষণ দ্রুত বাস্তবায়ন করা এবং পাংগাস মাছ চাষের পরিমাণ বৃদ্ধির জন্য মৎস্য খামারীদের উৎসাহী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ৮. | উপজেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ সদর সভায় সুনামগঞ্জ সদর উপজেলার ০৯(নয়)টি ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হওয়ায় সকল | আলোচনান্তে সুনামগঞ্জ সদর উপজেলার ০৯(নয়)টি ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠু ও | সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | কর্মকর্তা ও কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করেন। | সুন্দরভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৯. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান প্রাণিসম্পদ সম্প্রসারণ প্রকল্পের মাধ্যমে ০৮টি ইউনিয়নে ০৮ জন লোক নিয়োগ করা হয়েছে। এখানে বিভিন্ন ধরনের উন্নয়ন কার্যক্রম পরিচালিত হবে। এছাড়া তিনি আরও জানান জীবনমান উন্নয়ন প্রকল্প নামে একটি প্রকল্প চলমান রয়েছে। তিনি আরও জানান কিছু ভেড়ার ঘর নির্মাণের জন্য বরাদ্দ পাওয়া গেছে। তাছাড়া কিভাবে বৈজ্ঞানিক পদ্ধতিতে গরু মোটা তাজা করা যায় তার প্রশিক্ষণ চলমান রয়েছে। | আলোচনান্তে বৈজ্ঞানিক পদ্ধতিতে গরু মোটা তাজা করণ প্রশিক্ষণ চালিয়ে যাওয়ার জন্য এবং দ্রুত ভেড়ার ঘর নির্মাণের স্থান নির্বাচন করে কাজ বাস্তবায়ন করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১০. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান টিআর/কাবিটা কাজের ১ম কিস্তির তালিকা অনুমোদনের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে কিন্তু নির্বাচনের তফসিল ঘোষণা করার কারণে টিআর/কাবিটার কাজ বাস্তবায়ন বন্ধ রাখার জন্য একটি পত্র পাওয়া গেছে। অনুমোদন পাওয়া গেলে কাজ দ্রুত বাস্তবায়ন করা হবে। | আলোচনান্তে টিআর/কাবিটা কাজের ১ম কিস্তির অনুমোদন পাওয়া গেলে কাজ দ্রুত বাস্তবায়ন করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান দীর্ঘ ১৮ মাস বিদ্যালয় বন্ধ থাকার পর গত ১২ সেপ্টেম্বর ২০২১ থেকে বিদ্যালয়ে নিয়মিত ক্লাস শুরু হয়েছে। বর্তমান শিক্ষাবর্ষে এখন পরীক্ষা শেষ হয়েছে আর এস.এস.সি পরীক্ষা চলমান রয়েছে। পহেলা জানুয়ারির পূর্বে সকল পাঠ্য পুস্তক বিনামূল্যে পৌঁছে দেয়া হবে। এছাড়া সকল সরকারী ও বেসরকারী স্কুলে লটারীর মাধ্যমে ভর্তি চলবে। | আলোচনান্তে সুনামগঞ্জ সদর করার ব্যবস্থা গ্রহণের জন্য ইউ/পি সচিবগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউনিয়ন পরিষদ সচিব(সকল), সুনামগঞ্জ সদর। |
| ১২. | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরও জানান প্রতিটি বিদ্যালয়ে ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস সঠিক নিয়ম মেনে পালন করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে এবং ১লা জানুয়ারি বই উৎসব পালন করার সকল প্রস্তুতি প্রায় শেষ পর্যায়ে। | আলোচনান্তে প্রতিটি বিদ্যালয়ে ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস পালন ও ১লা জানুয়ারি বই উৎসব উদযাপন করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর। |
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান এ বছর বিআরডিবির ২টি স্কীম বাস্তবায়ন করা হয়েছে এবং প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | আলোচনান্তে প্রশিক্ষণ কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১৪. | উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরে মোট ১৩৮টি সমিতির মধ্যে নভেম্বর ২০২১ মাস পর্যন্ত মোট ৭৫টি সমিতির অডিট সম্পন্ন করা হয়েছে। ৪২টি নির্বাচন যোগ্য সমিতির মধ্যে ১৩টি সমিতির নির্বাচন ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। জলমহাল ইজারা প্রাপ্ত মৎস্যজীবি সমবায় | আলোচনান্তে অবশিষ্ট সমবায় সমিতিগুলোর নির্বাচন দ্রুত সমাপ্ত করার এবং উপজেলা সমবায় অফিস কক্ষগুলো দ্রুত মেরামত করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | সমিতিগুলো যাতে সেচ দিয়ে মাছ না ধরতে পারে সে বিষয়ে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কর্মশালায় পরামর্শ প্রদান করা হয়। বিভিন্ন সমবায় সমিতির ৭৫ জন সদস্যকে ১ দিনের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ এবং ৯ জন সদস্যকে ৫ দিনের জন্য সমিতি ব্যবস্থাপনা ও আইজিএ বিষয়ক প্রশিক্ষণে বাংলাদেশ সমবায় একাডেমী কোট বাড়ী কুমিল্লায় প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান বর্তমান অফিসের ২ কক্ষ বিশিষ্ট উপজেলা সমবায় অফিস ঘরটি জরাজীর্ণ। অফিস ঘরের জরুরী আশু সংস্কার আবশ্যক। তিনি উক্ত অফিস কক্ষটি জরুরী মেরামত করার জন্য সভাকে অনুরোধ জানান। | | সদর। |
| ১৫. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান সকল ধরনের ভাতা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। জেলা সমাজসেবা কার্যালয়ের মাধ্যমে ১টি ঘরের বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া তিনি আরও জানান ১৫/১২/২০২১ তারিখে ৪৭ জন ভিক্ষুককে পুনর্বাসন করা হয়েছে এবং ক্ষুদ্র ঋণ কার্যক্রম করোনার কারণে বন্ধ ছিল তা চালু করা হয়েছে। | আলোচনান্তে ১টি ঘরের স্থান নির্বাচন করা এবং ক্ষুদ্র ঋণ কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১৬. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর সভায় জানান, ১৫/১১/২০২১ তারিখে মধ্যে ২৪৫ জন কৃষক আমন ধান সংগ্রহ করার জন্য কৃষক অ্যাপসের মাধ্যমে আবেদন সম্পন্ন করেছেন। একজন কৃষক ৩ টন করে ধান সংগ্রহ করতে পারবেন। সুনামগঞ্জ সদর উপজেলায় প্রথমিকভাবে ১৮১ জন কৃষকদের মধ্যে থেকে ৩ টন করে ৬০ টন ধান সংগ্রহ করা হয়েছে। অনেকেই ম্যানুয়ালি আবেদন করেছেন তাদের জন্য পরবর্তী নির্দেশনা পাওয়া গেলে ব্যবস্থা গ্রহণ করা হবে। সিদ্ধ চাল ৮৪ টন সংগ্রহ করা হয়েছে। বর্তমানে সরকার ১০৮০/- টাকা দরে ধানের মণ নির্ধারন করে দিয়েছেন। চেয়ারম্যান, লক্ষণশ্রী ইউ/পি সভায় জানান সুনামগঞ্জ ২টি সিদ্ধ চালের মিল রয়েছে। এখানে আতব চাল সংগ্রহ করা প্রয়োজন। কারণ সুনামগঞ্জের মানুষ আতব চাল খেয়ে থাকেন। | আলোচনান্তে দ্রুত আমন ধান সংগ্রহ করার জন্য কৃষকদেরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর। |
| ১৭. | বিবিধ : উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান মহান বিজয় দিবস-২০২১ উদযাপন উপলক্ষ্যে ১৫.১২.২০২১ তারিখের ডলুরা শহীদ সমাধিতে পুষ্পস্তবক অর্পন, আলোচনা সভা, মিলাদ মাহফিল ও যাতায়াত বাবদ মং- ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হয়েছে। এছাড়া নভেম্বর/২০২১ মাসে আপ্যায়ন বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, স্থায়ী কমিটির সভার আপ্যায়ন বাবদ ৮,০০০/-(আট হাজার) টাকা, আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, পরিষদের ইন্টারনেট বাবদ ৩,০০০/-(তিন হাজার) টাকা এবং উপজেলা পরিষদের সাঁট মুদ্রাক্ষরিকের জন্য ১টি নতুন মনিটর ক্রয় বাবদ ১৩,৫০০/-(তের হাজার পাঁচশত) টাকা ও ১টি চেয়ার মেরামত বাবদ ২২৫০/-(দুই হাজার দুইশত পঞ্চাশ) | বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ সুনামগঞ্জ সদর ও উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | টাকার বিল পাওয়ার আবেদন করেন। উক্ত ব্যয়িত অর্থ পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ করা হয়। | | |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল হুদা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ফোন : ০৮৭১-৬১৫৯১
ই-মেইল : chairmanuzpsadar@gmail.com

স্মারক নং: ০৫.৪৬.৯০৮৯.০০০.১১.০৬৪.১৯-১৯৩৭(৫০)

তারিখ : ২৭ ডিসেম্বর ২০২১ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে।

১। মাননীয়, সংসদ সদস্য, সুনামগঞ্জ-৪ নির্বাচনী এলাকা, সুনামগঞ্জ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৬। উপ পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৭। মেয়র, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৯। উপজেলা ............................ কর্মকর্তা(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১০। চেয়ারম্যান, ........................ ইউনিয়ন পরিষদ(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১১। জনাব ........................ ইউ/পি সংরক্ষিত মহিলা সদস্য ও সদস্য উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১২। অফিস কপি/মাস্টার ফাইল।

27.12.21

(ইমরান শাহারীয়ার)
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

উপজেলা পরিষদের মাসিক সভায় জনপ্রতিনিধিবৃন্দের উপস্থিতি:

মাসের নাম: ডিসেম্বর/২০২১

সভার তারিখ: ২৫/১১/২১ সময়: ০২.০০ ঘটিকা

| ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব মো: খায়রুল হুদা | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর | |
| ০২ | জনাব নাদের বখত | মেয়র সুনামগঞ্জ পৌরসভা. | |
| ০৩ | " নিগার সুলতানা | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর. | নি. সুলতানা ২৫/১১/২১ |
| ০৪ | " মো: আবুল হোসেন | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর | [স্বাক্ষর] |
| ০৫. | " আব্দুল ওয়াদুদ | চেয়ারম্যান লক্ষনশ্রী, ইউপি. | [স্বাক্ষর] |
| ০৬. | " মো: আবুল বরকত | চেয়ারম্যান কুরবাননগর ইউপি | [স্বাক্ষর] |
| ০৭ | " মো: ফুল মিয়া | চেয়ারম্যান গৌরারং, ইউপি. | [স্বাক্ষর] ২৫/১১/২১ |
| ০৮. | " মো: মকছুদ আলী | চেয়ারম্যান. জাহাঙ্গীরনগর, ইউপি. | |
| ০৯. | " মো: নুরুল হক | চেয়ারম্যান মোহনপুর, ইউপি. | [স্বাক্ষর] |
| ১০ | " মো: আব্দুস ছাত্তার | চেয়ারম্যান সুরমা, ইউপি | ছাত্তার |

| ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১. | জনাব মোঃ নুরুল হক | চেয়ারম্যান<br>মোল্লাপাড়া, ইউপি. | [signature] |
| ১২ | " মোঃ সামছুল ইসলাম | চেয়ারম্যান<br>কাঁচইর, ইউপি. | |
| ১৩ | " মোঃ আব্দুল হাই | চেয়ারম্যান<br>বহ্লাবচর, ইউপি. | [signature] |
| ১৪ | " অমলা রানী বর্মন | উপজেলা পরিষদের সংরক্ষিত<br>মহিলা সদস্য - ০১. | [signature] |
| ১৫ | " মোছাঃ রওশন আরা বেগম | উপজেলা পরিষদের সংরক্ষিত<br>মহিলা সদস্য - ০২. | |
| ১৬. | " মোছাঃ জাহানারা বেগম | উপজেলা পরিষদের সংরক্ষিত<br>মহিলা সদস্য - ০৩. | [signature] |

উপজেলা পরিষদের মাসিক সভায় কর্মকর্তাবৃন্দের উপস্থিতি :

মাসের নাম: ডিসেম্বর/২০২১.

সভার তারিখ: ১৫/১২/২০২১ — সময়: ০২.০০ ঘটিকা

| ক্র. নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব ইমরান শাহারীয়ার | উপজেলা নির্বাহী অফিসার সুনামগঞ্জ সদর। | |
| ০২. | " ডা: মোমিন চক্রবর্তী | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সুনামগঞ্জ সদর | |
| ০৩ | " মো: সালাহউদ্দিন টিপু | উপজেলা কৃষি অফিসার সুনামগঞ্জ সদর। | ১৫/১২/২১ |
| ০৪ | " ডা: মোহাম্মদ আব্দুল আউয়াল ভূঁইয়া | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ০৫ | " প্রশান্ত দে. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ০৬. | " আনোয়ার হোসেন | উপজেলা প্রকৌশলী সুনামগঞ্জ সদর। | ১৫/১২/২১ |
| ০৭. | " মুহাম্মদ মহিদুর রহমান | অফিসার ইন-চার্জ সুনামগঞ্জ সদর। | |
| ০৮. | " অশোক রঞ্জন পুরকায়স্থ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ০৯. | " এনামুর রহিম বাবর | উপজেলা শিক্ষা কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১০ | " মো: সাইফুল আলম সিদ্দিকী | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সুনামগঞ্জ সদর। | |
| ১১. | " বিশ্বজিৎ কৃষ্ণ চক্রবর্তী (কাটা) | উপজেলা প.প. কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১২. | " মো: শাহিনুর আলম | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১৩ | " ~~স্বপ্নদীপ বিশ্বাস~~ মো: জাহিদুল ইসলাম ভূঁইয়া | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১৪. | " বিজিত রঞ্জন কর | উপজেলা সমবায় কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১৫. | " মানিক মিয়া | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | |

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৬. | জনাব মিন্টু সরকার | পরিসংখ্যান কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | [স্বাক্ষর] 15.12.2[illegible] |
| ১৭. | এ.কে.এম. রেজাউল আলম উপজেলা কর্মকর্তার পক্ষে আজিজুর রহমান (অফিস সহকারী) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | [স্বাক্ষর] 15.12.2[illegible] |
| ১৮. | " চয়নব্রত চক্রবর্তী | উপজেলা খাদ্য কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১৯. | " উত্তম কুমার রায় | উপজেলা নির্বাচন অফিসার সুনামগঞ্জ সদর। | [স্বাক্ষর] [illegible] |
| ২০. | " আব্দুল রহমান সেলিম | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ২১. | " অসীম বরন তালুকদার | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | [স্বাক্ষর] [illegible] |
| ২২. | " আব্দুল্লাহ আল মামুন | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সুনামগঞ্জ সদর। | [স্বাক্ষর] |
| ২৩. | " সেলিম আহমদ | শাখা ব্যবস্থাপক, পল্লীসঞ্চয় ব্যাংক সুনামগঞ্জ সদর। | |
| ২৪. | " সৈয়দ আহমদ শাহলান | ইন্সট্রাক্টর, ইউআরসি সুনামগঞ্জ সদর। | [স্বাক্ষর] |
| ২৫. | " শেখ আব্দুর রব | ইউডিএফ, ইউজিডিপি সুনামগঞ্জ সদর। | [স্বাক্ষর] 15.12.2[illegible] |
| ~~২৬.~~ | ~~প্রশান্ত দে~~ | ~~প্র. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার~~ | [স্বাক্ষর] |